দৈনিক খবর

তারিখ ... 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ২ ...

৩৭

# চট্টগ্রামে শিবির-ছাত্রদল সংঘর্ষ ঃ আহত ১৫

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ৩০শে নভেম্বর।- ইসলামী ছাত্র শিবিরের আহবানে আজ শনিবার নগরীতে পূর্ণদিবস হরতাল পালিত হয়। এ সময় শিবিরের সাথে ছাত্রদলের সংঘর্ষে কমপক্ষে ১৫ জন আহত হয়েছে।

চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউটে শিবির সমর্থিত ৯ জন ছাত্রকে পরীক্ষা দেয়ার সুযোগ দানের দাবীতে ছাত্র শিবির এ হরতাল আহবান করে। চন্দনপুরা এলাকায় ছাত্রদল কর্মীদের সাথে শিবির কর্মীদের আজ সকালে এবং বিকেলে সংঘর্ষ ঘটে। সকালে ছাত্রদলের একটি প্রতিবাদ মিছিল চন্দনপুরা এলাকা দিয়ে যাওয়ার সময় দু'পক্ষের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। তবে তা ব্যাপক আকার নেয়ার আগেই থেমে যায়। বিকেলে সেখানে দু'পক্ষ আবার মুখোমুখি হয়। ছাত্রদলের একটি মিছিল সিরাজউদ্দৌলা সড়ক দিয়ে যেতে চাইলে শিবির ধাওয়া করে। এতে দু'পক্ষের মধ্যে মারপিট লেগে যায়। ব্যাপক বোমাবাজি, গোলাগুলী এবং

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## চট্টগ্রামে

প্রথম পৃষ্ঠার পর

ইটপাটকেল ছোঁড়াছুঁড়ি হয়েছে দু'পক্ষের মধ্যে। সিরাজউদ্দৌলা সড়ক ও আশেপাশের এলাকা এ সময় যুদ্ধক্ষেত্রে পরিণত হয়। আতংকে স্থানীয় জনসাধারণ দিকবিদিকশূন্য হয়ে পালিয়ে যায়। শিবির ও ছাত্রদলের সংঘর্ষে বেশ কয়েকজন নিরীহ পথচারী আহত হয়েছেন। পার্শ্ববর্তী কিছুসংখ্যক দোকানও ঘটনার সময় ভাঙচুর হয়েছে। প্রায় ৩০ মিনিট ধরে সংঘর্ষ অব্যাহত থাকলেও পুলিশ এ সময় নীরব দর্শকের ভূমিকা পালন করেছে বলে অভিযোগ করা হয়েছে।

আগ্রাবাদ, শেখ মুজিব সড়কসহ নগরীর আরো কয়েকটি স্থানে শিবির ও ছাত্রদলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়েছে।